কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়, কুড়িগ্রাম
Kurigram Agricultural University, Kurigram

রেজিস্ট্রার দপ্তর
registrar@kuriau.edu.bd
www.kuriau.edu.bd

প্রতিবাদ লিপি

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে শারীরিকভাবে লাঞ্ছিত করার ঘটনায় গভীর উদ্বেগ ও নিন্দা জানিয়েছেন কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মুহঃ রাশেদুল ইসলাম।

গত ১৮ ফেব্রুয়ারি ২০২৫ ইং তারিখে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সহিংসতার জের ধরে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ মাসুদকে অবরুদ্ধ করে শারীরিকভাবে হেনস্তা করেন একদল উত্তেজিত শিক্ষার্থী ।

কুড়িকৃবি উপাচার্য বলেন, সহিংসতা কখনো প্রতিবাদের ভাষা হতে পারে না। একজন দেশবরেণ্য শিক্ষাবিদ ও সম্মানিত উপাচার্যকে প্রকাশ্য হামলা বা অপমানিত করে বিশ্ববিদ্যালয়ের শান্তিপূর্ণ পরিবেশকে অশান্ত করা হয়েছে যেটা কোনোভাবেই কাম্য নয়।

উপাচার্য প্রফেসর ড. মুহঃ রাশেদুল ইসলাম আরো বলেন, ২০২৪ সালে ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের পর বর্তমান অন্তর্বর্তী সরকার দেশের সৎ, যোগ্য ও নির্ভরযোগ্য শিক্ষাবিদদের মধ্যে থেকে বাছাই করে বিশ্ববিদ্যালয়গুলোতে উপাচার্য নিয়োগ দিয়েছেন, যারা অভ্যুত্থানের চেতনাকে ধারণ করে এর বাস্তবায়নে অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছেন, ঠিক সেই সময়ে এ ধরনের ন্যাক্কারজনক ঘটনা সম্পূর্ণভাবে গণঅভ্যুত্থানের স্পিরিটের সঙ্গে সাংঘর্ষিক।

তিনি খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের উপর হামলা এবং লাঞ্ছিত করার ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি ও আইনের আওতায় নিয়ে আসার দাবি জানান। একইসাথে আলোচনার মাধ্যমে বিবাদমান বিষয়গুলোর শান্তিপূর্ণ সমাধানের জন্য সকল পক্ষকেই আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানান।

বার্তা প্রেরক

মোঃ সাদেকুজ্জামান
ডেপুটি রেজিস্ট্রার
কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়